

# ৯ নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ



অফিসঃ বাবুরচর, উপজেলাঃ সদরপুর,

জেলাঃ ফরিদপুর, মোবাইল- ০১৭১৬-৩৭৯২৪৬

স্মারক নং- ঢেউঃইঃপঃ সদর/ফরিদ-২০২৩/৫২

তারিখঃ-৩১/০৭/২০২৩ ইং

৯নং ঢেউখালী ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির জুলাই/২০২৩ ইং মাসের অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।

সভাপতি : মোঃ মিজানুর রহমান  
৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ  
সদরপুর, ফরিদপুর।  
সভার তারিখ : ৩০/০৭/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : ৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"


উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

সভাপতি বলেন দেশের বিভিন্ন স্থানে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে। ৯ নং ঢেউখালী ইউনিয়নের ভিতরে এখনও কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এ জন্য তিনি ৯নং ঢেউখালী ইউনিয়নের সর্বস্তরের জনগণকে বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতির জন্য সচেতন থাকতে হবে। অতঃপর আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে মুক্ত আলোচনার জন্য সকলকে অনুরোধ জানান।

জনাব মোহাম্মদ হানিফ মিয়া প্রধান শিক্ষক, ঢেউখালী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, সদরপুর ফরিদপুর সভায় বলেন, কিছু কিছু অছাত্র স্কুলের আশে-পাশে ঘোরাফেরা করে। তারা মেয়েদের উত্ত্যোক্ত করে। তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

১,২,৩ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা ইউপি সদস্য জনাব মোসাঃ সুফিয়া খাতুন বলেন, বর্তমানে বেশ কিছুদিন ধরে চোরের উপদ্রব্য বেড়ে গেছে এ ব্যাপারে তিনি বলেন ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডের গ্রাম পুলিশকে তাদের নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। সভাপতি সাহেবের দৃষ্টি আকর্ষণ করে বলেন এ ব্যাপারে প্রত্যেক ওয়ার্ডের গ্রাম পুলিশদের সচেতন থাকার প্রয়োজন রয়েছে।

জনাব মোঃ খবির সরদার, সেক্রেটারী, চন্দ্রপাড়াবাজার বণিক সমিতি সভায় বলেন, ৯নং ঢেউখালী ইউনিয়নের প্রতিটি দোকানের ব্যবসায়ীদের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, চলতি অর্ধবছরের জন্য ট্রেড লাইসেন্স যথাসময়ে ব্যবসায়ীদেরকে করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। সভাপতি সাহেব সভায় আরও উল্লেখ করে বলেন যে, ইউনিয়নের ভিতরে কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে, সাথে সাথে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাতে বলেন উপস্থিত সকল সদস্যকে।

  
৩১/০৭/২০২৩  
মোঃ মিজানুর রহমান  
চেয়ারম্যান  
৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ  
সদরপুর, ফরিদপুর